

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.০৮৪.২৩ নথির বিষয়: Repairing, maintenance & servicing of 37KW 858m3/hr capacity settled water pump motor with delivery line.

নোট: ১ নোটের বিষয়: Repairing, maintenance & servicing of 37KW 858m3/hr capacity settled water pump motor with delivery line কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৬/৭/২৩ ৮:২৬ পূর্বাহ্ন

সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৪ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের ফিল্ট্রেশন সিস্টেমে মোট ৮টি র‍্যাপিড সেড ফিল্টার রয়েছে। পানি পরিশোধন প্রক্রিয়ায় সেডিমেন্টেশন বেসিনের পরবর্তি ধাপ হচ্ছে র‍্যাপিড সেড ফিল্টার। উক্ত র‍্যাপিড সেড ফিল্টারে মোট ০৩(তিন) সেট ৩৭ কিলোওয়াট ৮৫৮ঘনমিটার/ঘন্টা ক্ষমতা সম্পন্ন সেটেলড ওয়াটার সাবমারসিবল পাম্প মোটর দ্বারা পানি শতভাগ পরিশোধনের জন্য ফিল্টারে পাম্পিং করা হয়। পাম্প মোটরগুলো প্লান্ট বি.এম.আর.ই অর্থাৎ ১৯৯৭ সালে স্থাপন করা হয়েছে। যা রি-ওয়াভিং, মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে চালু রাখা হচ্ছে। নদীর পানিতে প্লাস্টিকসহ বিভিন্ন ধরনের অমজ্জনা থাকায় উক্ত ময়লা-অমজ্জনা পাম্পে আটকিয়ে পাম্প মোটরের কার্যক্ষমতা কমে গিয়ে মোটর জ্বলে যাওয়ার সম্ভাবনা দেখা দেয়। সেই কারণে বিদ্যমান ৩ সেট পাম্প মোটরের মধ্যে ২ সেট পাম্প মোটরগুলো উত্তোলন করে মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিংসহ পাম্প হাউজ চেম্বার ক্লিনিং করা প্রয়োজন। এছাড়া ২ সেট পাম্প মোটরের ডেলিভারী লাইনে লিকেজের কারণে উক্ত ডেলিভারী লাইন দিয়ে প্রচুর পানি পড়ে যাচ্ছে। কেমিক্যাল মিশ্রিত পানির অবচয় হচ্ছে। ফলে পানির উৎপাদন কমে যাচ্ছে। সেই আলোকে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাবনার সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করে উপস্থাপন করা হয়েছে(ক্র: নং-৪ দ্র:)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা: ৪৮,৮২৮.০০ (অটচল্লিশ হাজার অটশত অটশ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৬/৭/২৩ ৮:২৬ পূর্বাহ্ন

চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের ০২(দুই) সেট ৩৭ কিলোওয়াট ৮৫৮ঘনমিটার/ঘন্টা ক্ষমতা সম্পন্ন সেটেলড ওয়াটার সাবমারসিবল পাম্প মোটর ও ডেলিভারী লাইন মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিংসহ চেম্বার ক্লিনিং কাজটি ঢাকা ওয়াসার ইলেক্ট্রোমেকানিক্যাল তালিকাভুক্ত ঠিকাদার মেসার্স এন. এস এন্টারপ্রাইজকে নিয়োজিত করে পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম) এ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৬/৭/২৩ ৮:২৬ পূর্বাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের ০২(দুই) সেট ৩৭ কিলোওয়াট ৮৫৮ঘনমিটার/ঘন্টা ক্ষমতা সম্পন্ন সেটেলড ওয়াটার সাবমারসিবল পাম্প মোটর ও ডেলিভারী লাইন মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিংসহ চেম্বার ক্লিনিং কাজে উপস্থাপিত সর্বমোট টা: ৪৮,৮২৮.০০ (অটচল্লিশ হাজার অটশত অটশ) টাকা কাজের প্রাক্কলনের অর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) তে মেসার্স এন. এস এন্টারপ্রাইজ এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের প্রধান প্রবේশলী মহোদয়ের আওতাভুক্ত।


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



১৬/৭/২৩ ৮:৪৫ পূর্বাহ্ন
সম্মাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২



১৬/৭/২৩ ১২:৩৬ অপরাহ্ন
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-২



১৭/৭/২৩ ১১:৪৭ পূর্বাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২



১৮/৭/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সান্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

১৮/৭/২৩ ১২:৩৯ পূর্বাহ্ন

মোঃ কামরুল হাসান

প্রধান প্রকৌশলী


প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৭/২৩ ৫:৩৫ পূর্বাহ্ন

অনুমোদিত



১৯/৭/২৩ ৫:৩৫ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৯/৭/২৩ ৯:৩৫ পূর্বাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২

১৯/৭/২৩ ৯:৩৫ পূর্বাহ্ন
সম্মাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২